

## বিষয়: আন্তর্জাতিক বিষয়াবলি

বিষয় কোড: ০০৭

পূর্ণমান: ১০০

নির্ধারিত সময়: ৩ ঘণ্টা

[দ্রষ্টব্য: প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

### ০১। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দিন:

৪×১০=৪০

- (ক) সাংহাই সহযোগিতা সংস্থার উদ্দেশ্য কী? সংক্ষেপে আলোচনা করুন।
- (খ) ন্যাটোর মূল উদ্দেশ্য কী? আপনি কি মনে করেন ন্যাটো তার উদ্দেশ্য পূরণে কার্যকর ভূমিকা রাখছে?
- (গ) QUAD বলতে কী বোঝায়? QUAD গঠনের লক্ষ্য ও উদ্দেশ্য কী কী?
- (ঘ) জাতিসংঘের নিরাপত্তা পরিষদে ভোট ব্যবস্থায় ভেটো ক্ষমতার বিধান রাখার অন্তর্নিহিত যুক্তি কী?
- (ঙ) বহুপাক্ষিকতা (multilateralism) মানে কী? বর্তমান বিশ্ব পরিস্থিতির প্রেক্ষাপটে কি এর গুরুত্ব বৃদ্ধি পেয়েছে?
- (চ) Soft power বলতে কী বোঝায়? রাষ্ট্রীয় নীতি বাস্তবায়নে এটির প্রয়োগ কতটুকু বাস্তবসম্মত?
- (ছ) হাইব্রিড যুদ্ধ কী? হাইব্রিড যুদ্ধের লক্ষ্য কী?
- (জ) নিষেধাজ্ঞা কী? ইউক্রেন-রাশিয়া যুদ্ধে রাশিয়ার উপর পশ্চিমাদের আরোপিত নিষেধাজ্ঞা দেশটির অর্থনীতিকে কতটা প্রভাবিত করেছে?
- (ঝ) 'ব্র্যাকডোর কূটনীতি' বলতে কী বোঝায়? সংক্ষেপে আলোচনা করুন।
- (ঞ) 'খাদ্য জাতীয়তাবাদ' (food nationalism) বলতে কী বোঝায়? কেন এর উদ্ভব হয়?

### ০২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও:

১৫×৩=৪৫

- (ক) রাশিয়া ও ইউক্রেনের মধ্যে চলমান যুদ্ধের কারণ কী? আপনি কী মনে করেন রাশিয়া ইচ্ছাকৃতভাবে যুদ্ধ দীর্ঘায়িত করছে? মতামত দিন।
- (খ) ভারত ও বাংলাদেশের মধ্যে সম্পাদিত কোন চুক্তি অনুযায়ী 'যৌথ নদী কমিশন' প্রতিষ্ঠিত হয়? বাংলাদেশের জন্য যৌথ নদীগুলোর ন্যায্য পানি প্রাপ্যতার ক্ষেত্রে এই কমিশনের ভূমিকা বিশ্লেষণ করুন।
- (গ) শ্রীলংকার বর্তমান অর্থনৈতিক সংকটের প্রধান কারণ কী? শ্রীলংকা কীভাবে এ অর্থনৈতিক সংকট কাটিয়ে উঠতে পারে? মতামত দিন।
- (ঘ) মিয়ানমারের বর্তমান রাজনৈতিক সংকট কি আঞ্চলিক নিরাপত্তার জন্য হুমকি? আপনার উত্তরের স্বপক্ষে যুক্তি দিন।

### ০৩। পূর্ব ইউরোপে বাংলাদেশী মানব সম্পদের একটি সম্ভাবনার শ্রমবাজার রয়েছে। এ সম্ভাবনাকে ব্যাপকভাবে কাজে লাগাতে সরকারকে উদ্দেশ্যে করে একটি পরামর্শপত্র লিখুন।

১৫